

বেসরকারি ডেন্টালে ভর্তির আবেদন শুরু

যুগান্তর প্রতিবেদন

১২ জুন ২০২৪, ০২:৫৯ এএম | অনলাইন সংস্করণ



বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। মঙ্গলবার থেকে বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারছেন।

আগ্রহীদের আগামী ১ জুলাইয়ের মধ্যে আবেদন করতে বলা হয়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

Advertisement

এতে বলা হয়, বেসরকারি ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটগুলোর শূন্য আসনে ভর্তিচ্ছু দেশি শিক্ষার্থী হতে টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, আবেদন প্রক্রিয়া শেষ হবে ১ জুলাই। পরদিন ২ জুলাই পর্যন্ত আবেদন ফি জমা দেওয়া যাবে। শূন্য আসনে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুলাই। এরপর ১৭ জুলাই ভর্তি শুরু হয়ে শেষ হবে ২৫ জুলাই। এছাড়া কোটা নির্ধারণে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল প্রণীত নীতিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে।

.advertisement